# প্রেস বিজ্ঞপ্তি
# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৪৩টি প্রতিষ্ঠানকে ২.৩৯ লক্ষ টাকা জরিমানা

**১৩ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজশাহী, রংপুর, কুমিল্লা, বরিশাল, বগুড়া ও মাদারীপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ইমাম বাড়ী ক্যাফে গুলশান রেস্টুরেন্টকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শারমিন ফাস্ট ফুডকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সাফাবি ফার্মেসী ও আল মদিনা ফার্মেসীকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **৭০,০০০/- (সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সানমুন হোটেল এন্ড রেস্টুরেন্টকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শর্মা হাউসকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সেবা প্লাসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর নিউ মার্কেট এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চড়ুইবাতি রেস্টুরেন্টকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয় এবং কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সজিব ফার্মেসীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকার অপরাধে ইমানিয়া বেকারী এন্ড জেনারেল স্টোরকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ডায়নামিক ফুড কোর্ট (বোরহান স্টোর) কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Flavors Music Cafe, ডায়ানামিক ফুড কোর্ট (রাজু স্টোর) ও এরিকস বিস্ট্রকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার) টাকা** এবং **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **৩,২৫০/- (তিন দুইশত পঞ্চাশ হাজার)** টাকা প্রদান করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী ও মুগদা এলাকায় পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকা, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পরিমাপে কারচুপির অপরাধে **৭টি** প্রতিষ্ঠানকে মোট **২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর পবা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আটার হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা এবং মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের রাজৈর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকাসহ মোট **৫৬,৫০০/- (ছাপ্পান্ন হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১১টি** বাজার তদারকিতে **৪৩টি** প্রতিষ্ঠানকে মোট **২,৩৯,০০০/- (দুই লক্ষ উনচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৪ জন অভিযোগকারীকে মং **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, ক্যাব, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, রাজশাহী, রংপুর, কুমিল্লা, বরিশাল, বগুড়া ও মাদারীপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, রাজশাহী, রংপুর, কুমিল্লা, বরিশাল, বগুড়া ও মাদারীপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।